

প্রশিক্ষণে অংশগ্রহণ করেন ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলের প্রধান শিক্ষক এবং এডমিন সহ ১২ জন শিক্ষক-শিক্ষিকা। প্রশিক্ষণের দ্বিতীয় দিনে উপস্থিত ছিলেন মার্কেটিং এন্ড প্রজেক্ট এর সি ও মিসেস সুইটি সিসিলিয়া পিউরিফিকেশন। জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ এর বাস্তবায়ন সম্পর্কে ধারাবাহিক আলোচনা, প্রয়োগ ও অর্জিত বিষয়গুলোর উপর আলোকপাত করেন স্কুলের প্রধান শিক্ষক আনন্দ চৌধুরী।

বাড্ডা উপজেলা শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকদের কর্মশালায় তিনি অংশগ্রহণ করেছিলেন। ২০২১ রূপরেখার আলোকে সকল স্কুলকে প্রাক প্রাথমিক থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত যে পরিবর্তন, পরিবর্ধন করা হয়েছে তা প্রতিটি স্কুলের করণীয় বিষয়ে বিস্তারিত আলোকপাত করেন। প্রশিক্ষণে, যোগ্যতা ভিত্তিক শিক্ষা কার্যক্রমের মাধ্যমে শিক্ষার্থীরা প্রাক প্রাথমিক থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত দশটি মূল যোগ্যতা অর্জন করবে বলে প্রত্যাশা করা হয়।